দৈনিক জনকণ্ঠ

তারিখ 23 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

151

# ঢাকা বিশ্ববিদ্যালয় ৭৪ বছরে ৩১১ জনকে পিএইচডি ডিগ্রী প্রদান করেছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার:** বিগত ৭৪ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয় ৩শ' ১১টি ডক্টরেট অব ফিলসফি (পিএইচডি) ডিগ্রী প্রদান করেছে। সম্মানসূচক ডক্টরেট উপাধি দিয়েছে ৩৩ জন দেশী ও বিদেশী খ্যাতনামা ব্যক্তিবর্গকে। একাডেমিক ক্ষেত্রে পিএইচডি হচ্ছে উচ্চ শিক্ষার সর্বোচ্চ ডিগ্রী। স্বাধীনতার পর ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এ ডিগ্রী লাভ করেছেন ২শ' ৪২ জন। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র জানায়, ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর সর্বপ্রথম পিএইচডি ডিগ্রী লাভ করেন বিনয়তোষ ভট্টাচার্য। 'বুদ্ধিষ্ট লিকনোগ্রাফী' শীর্ষক গবেষণার জন্য তিনি ১৯২৫ সালের ১২ ডিসেম্বর প্রথম পিএইচডি ডিগ্রী লাভ করেন। মুসলমানদের মধ্যে সর্বপ্রথম পিএইচডি লাভ করেন রজব আলী মীর্জা। 'দি ব্রিগ এন্ড পোয়েটস অব এরাবিয়া' শীর্ষক গবেষণার জন্য তিনি ১৯৩৯ সালে পিএইচডি অর্জন করেন।

সূত্র আরও জানায়, ব্রিটিশ আমলে ('২১-'৪৭) ঢাকা বিশ্ববিদ্যালয় পিএইচডি দিয়েছে ৩১ জনকে। পাকিস্তানী আমলে ('৪৮-'৭২) ৪৩ জন গবেষক এ ডিগ্রী লাভ করেন। স্বাধীনতার পর ('৭৩-'৯৫) এ সম্মানজনক ডিগ্রীধারীর সংখ্যা ২শ' ৪২ জন।